



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা।

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১২
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১৩
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৪
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	১৫

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Regional/Zonal Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বন্যার ক্ষয়ক্ষতি হতে দেশের জনসাধারণের জানমাল রক্ষা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বন্যা নিয়ন্ত্রণ, নদী ভাঙ্গনরোধ, নদী ড্রেজিং, সেচ ব্যবস্থাপনা উন্নয়ন, জলাবদ্ধতা দূরীকরণ ও ভূমি পুনঃরুদ্ধারের কাজ করেছে। গত ৩ (তিন) বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা বিভিন্ন প্রকল্পের আওতায় ৩৬.২৭ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ, ২২.০০ কিঃমিঃ বীধ নির্মাণ, ৬.৩৮ কিঃমিঃ বীধ পুনরাকৃতিকরণ, ১৪১.৩৫ কিঃমিঃ নদী ড্রেজিং ও ৬৭.০০ কিঃমিঃ নদী এক্সকাভেটরের মাধ্যমে পুনঃখনন, ১৪৩.৭৩ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন, ৬২ টি পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ ও ২৭০.০০ কিঃমিঃ ডুবন্ত বীধ নির্মাণ কাজ সম্পন্ন করেছে। এর ফলে অনেক জমি বন্যামুক্তকরণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

নদী মাতৃক দেশ হওয়া সত্ত্বেও বর্ষা মৌসুমে পানির আধিক্য এবং শুষ্ক মৌসুমে পানির দুস্প্রাপ্যতা বাংলাদেশের প্রকৃত বাস্তবতা। শুষ্ক মৌসুমে নদী অববাহিকাসমূহের উজানে পানি প্রবাহ বীধাগ্রস্ত হওয়ায় দক্ষিণাঞ্চলে লবণাক্ততা বৃদ্ধি পায়। আবার প্রকৃতিগতভাবে বাংলাদেশের নদীতে পলি জমার কারণে নদীর তলদেশ ভরাট হয়ে নদীর পানি ধারণ ক্ষমতা হ্রাস পায়। ফলে বর্ষা মৌসুমে উজান থেকে অতিরিক্ত পানি প্রবাহের কারণে নদী তীরে ভাঙ্গন এবং তীরবর্তী এলাকায় বন্যা দেখা দেয়। অন্যান্য সেক্টরে সারা বছর কাজ করার সুযোগ থাকলে পানি সম্পদ সেক্টরে অক্টোবর মাসে বন্যার পানি কমার পর হতে শুরু করে নভেম্বর-এপ্রিল মাত্র ৬ (ছয়) মাস সর্বোচ্চ পাওয়া যায় কাজ সম্পাদনের জন্য। এই অতি সীমিত সময়কালের মধ্যে প্রাকৃতিক দুর্যোগ, পাহাড়ী ঢল, আগাম বন্যা, বিবিধ সমস্যার উত্তরণ করে টেকসই ভৌতকাজ বাস্তবায়ন এ সেক্টরের প্রধান চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

সরকারের রূপকল্প-২০৪১ এর বাস্তবায়নের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সাল নাগাদ একটি সমৃদ্ধ দেশের মর্যাদা অর্জন করার রোডম্যাপ সরকার গ্রহণ করেছে। বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০, SDGs, প্রেক্ষিত পরিকল্পনা ২০৪১, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮ প্রভৃতি বিবেচনায় নিয়ে উপকূলীয় এবং অ-উপকূলীয় অঞ্চলের জন্য আলাদা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। SDGs এর ৩টি লক্ষ্যমাত্রা অর্জনে লীড, ১টি লক্ষ্যমাত্রা অর্জনে কো-লীড এবং ২০টি লক্ষ্যমাত্রা অর্জনে এসোসিয়েট হিসেবে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড দায়িত্ব পালন করছে। জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ সংক্রান্ত ঝুঁকি অর্থনীতির বিভিন্ন খাতসহ জাতীয় পর্যায়ের অডীট ও লক্ষ্য অর্জনে বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ এর বিনিয়োগ কর্মপরিকল্পনাভুক্ত ২৩টি কার্যক্রম চলমান উন্নয়ন প্রকল্পের মাধ্যমে পূর্ণ/আংশিকভাবে বাস্তবায়ন করা হচ্ছে। যমুনা, পদ্মা, মেঘনা, পুংলী, বংশী, বুড়িগঙ্গা -এই ৫টি নদী সিস্টেমের বেসিনভিত্তিক সমীক্ষা সম্পাদনের কাজ চলমান রয়েছে। বড় নদীসমূহ চ্যানেলাইজেশন এবং নদী উপকূলে ভূমি পুনরুদ্ধারে প্রকল্প গ্রহণ করা হচ্ছে। বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধিতে জলবায়ুর প্রভাব মোকাবেলায় উপকূলীয় পোল্ডারসমূহ পর্যায়ক্রমে পুনর্বাসন এবং শক্তিশালীকরণ করা হচ্ছে।

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ৪.০০ কিঃমিঃ বীধ পুনরাকৃতিকরণ, ৬০.০০ কিঃমিঃ এক্সকাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন, ৩৩.৮০ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন এবং ১২.৯৩১ কিঃমিঃ তীর সংরক্ষণের মাধ্যমে ২.৮৭ লক্ষ হেক্টর এলাকা বন্যামুক্তকরণ;
- হাওর এলাকায় ১৫০.০০ কিঃমিঃ ডুবন্ত বীধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণের মাধ্যমে আগাম বন্যা প্রতিরোধের মাধ্যমে ফসল উৎপাদন সম্ভব হবে।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা।

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর মধ্যে ২০২৪ সালেরজুন..... মাসের২৫..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা।

১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদের সুশ্রম ও সমন্বিতপানি ব্যবস্থাপনার মাধ্যমে জনগণের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নদী নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ
২. পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন এবং অন্যান্য
৩. সেচ ব্যবস্থার সুশ্রম, সমন্বিত ও টেকসই উন্নয়ন
৪. হাওর অঞ্চলের উন্নয়ন

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গনরোধ এবং মরুকরণ প্রতিরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম;
২. বন্যা পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়ক্ষতি নিরূপন সম্পর্কিত কার্যক্রম;
৩. নদীর অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক ও প্রায়োগিক গবেষণা এবং হাইড্রোলজিক্যাল জরিপ ও উপাত্ত সংগ্রহ সংক্রান্ত কার্যক্রম;
৪. বন্যা নিয়ন্ত্রণ এবং পানি সম্পদ উন্নয়নের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা প্রাপ্তি সম্পর্কিত কার্যাবলি;
৫. খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচীর আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;
৬. ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, পানি নিষ্কাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি;
৭. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাঁধ ও ব্যারেজ/রবার ড্যাম নির্মাণ বিষয়ক কার্যাবলি;
৮. নদীসমূহের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, ভাঙ্গনরোধের লক্ষ্যে নদী ড্রেজিং।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
বন্যা ঝুঁকি হ্রাস	১১০ লক্ষ হেক্টর বন্যামুক্ত ও পানি নিষ্কাশন এলাকার কভারেজ (ক্রমপুঞ্জিভূত) (অত্র জোনে ১৮ লক্ষ হেক্টর)	শতাংশ	৪৮.৪০	৪৮.৬০	৪৮.৬৫	৪৮.৭০	৪৮.৭৫	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বার্ষিক প্রতিবেদন
সেচ এলাকার সম্প্রসারণ	২.৪৬ লক্ষ হেক্টর সেচ এলাকা এবং শস্য নিভিড়তার কভারেজ (ক্রমপুঞ্জিভূত)	শতাংশ	৬৮.৬৯	৬৮.৬৯	৬৮.৭৫	৬৯.৮০	৬৯.৮৫	কৃষি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বার্ষিক প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] নদী নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ	২৮	[১.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ	[১.১.১] নদী তীর সংরক্ষণ	সমষ্টি	কিঃমিঃ	১৭	১৬.৫৭২	৮.৫০	১২.৯৩১	১১.৫০	১০.৫	৯.০০	৮.০০	১৫.০০	২০.০০
		[১.২] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন	[১.২.১] এক্সকাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন	সমষ্টি	কিঃমিঃ	৭	৩০.০০	১২.০০	৬০	৫০	৪৫	৪০	৩৫	৭০	৮০
		[১.৩] বাঁধের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা	[১.৩.১] বাঁধ পুনরাকৃতিকরণ	সমষ্টি	কিঃমিঃ	৪			৪.০০	৩.৫০				৫	৬
[২] পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন এবং অন্যান্য	১৬	[২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার	[২.১.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার	সমষ্টি	শতাংশ	৭			১০০	৯০				১০০	১০০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
		[২.২] দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো’র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণের মাধ্যমে সবুজায়ন	[২.২.১] বৃক্ষরোপণের দৈর্ঘ্য	সমষ্টি	কিঃমিঃ	২		২৭.০০	১২.০০	১১.০০				১০.০০	১২.০০
		[২.৩] মাসিক এডিপি পর্যালোচনা সভার আয়োজন	[২.৩.১] মাসিক এডিপি পর্যালোচনা সভার আয়োজন	সমষ্টি	সংখ্যা	১.৫			১২	১০				১২	১২
		[২.৪] উন্নয়ন প্রকল্প মনিটরিং	[২.৪.১] প্রকল্প এলাকার কাজের সাইট পরিদর্শন	সমষ্টি	সংখ্যা	৫			১৫	১২				২৪	২৪
		[২.৫] ভূমিকম্প ও অগ্নিনির্বাপন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি	[২.৫.১] ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ে মহড়া আয়োজন	সমষ্টি	সংখ্যা	০.৫			১	১				১	১
[৩] সেচ ব্যবস্থার সুশ্রম, সমন্বিত ও টেকসই উন্নয়ন	১৪	[৩.১] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি	[৩.১.১] নিষ্কাশন খাল খনন/পুনঃখনন	সমষ্টি	কিঃমিঃ	১৪	৮৭.০০	১৫.০০	৩৩.৮০	৩০.০০	২৮.০০	২৫.০০	২২.০০	৫০.০০	৬০.০০
[৪] হাওর অঞ্চলের উন্নয়ন	১২	[৪.১] পরিচালন বাজেটে কাবিটা প্রকল্পের মাধ্যমে আগাম বন্যায় হাওরে ফসলহানি রোধ	[৪.১.১] ডুবন্ত বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ	সমষ্টি	কিঃমিঃ	১২	১৬১.০০	১৩০.০০	১৬০.০০	১৪৫.০০				১৬০.০০	১৮০.০০


কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন*	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা।, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হিসাবে প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা।-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:



প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী এর দপ্তর, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা।

২৫/০৬/২০২৪

তারিখ



মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৫-০৬-২৪

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	এডিপি	এনুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম
২	ওয়ারপো	ওয়াটার রিসোর্সেস প্লানিং অর্গানাইজেশন
৩	জেআরসি	জয়েন্ট রিভার কমিশন
৪	নগই	নদী গবেষণা ইনস্টিটিউট
৫	বাপাউবো	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬	বাহাজউঅ	বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৭	সিডিএসপি	চর ডেভেলপমেন্ট ও সেটেলমেন্ট প্রকল্প

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ	[১.১.১] নদী তীর সংরক্ষণ	প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/বিভাগ	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী ও পিআইসি সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় বাস্তবায়িত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র
[১.২] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন	[১.২.১] এক্সকাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন	প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/বিভাগ	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী ও পিআইসি সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় বাস্তবায়িত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র
[১.৩] বাঁধের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা	[১.৩.১] বাঁধ পুনরাকৃতিকরণ	প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/বিভাগ	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী ও পিআইসি সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় বাস্তবায়িত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র
[২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার	[২.১.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার	প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/বিভাগ	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী ও পিআইসি সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় বাস্তবায়িত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র
[২.২] দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণের মাধ্যমে সবুজায়ন	[২.২.১] বৃক্ষরোপণের দৈর্ঘ্য	প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/বিভাগ	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী ও পিআইসি সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় বাস্তবায়িত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র
[২.৩] মাসিক এডিপি পর্যালোচনা সভার আয়োজন	[২.৩.১] মাসিক এডিপি পর্যালোচনা সভার আয়োজন	প্রধান প্রকৌশলীর দপ্তর, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা	সভা আয়োজনের বিজ্ঞপ্তি, সভার কার্যবিবরণী
[২.৪] উন্নয়ন প্রকল্প মনিটরিং	[২.৪.১] প্রকল্প এলাকার কাজের সাইট পরিদর্শন	প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা	পরিদর্শন প্রতিবেদন
[২.৫] ভূমিকম্প ও অগ্নিনির্বাপন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি	[২.৫.১] ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ে মহড়া আয়োজন	নির্বাহী প্রকৌশলী, ঢাকা পানি উন্নয়ন বিভাগ-২	মহড়া আয়োজনের বিজ্ঞপ্তি, স্থিরচিত্র
[৩.১] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি	[৩.১.১] নিষ্কাশন খাল খনন/পুনঃখনন	প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/বিভাগ	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী ও পিআইসি সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় বাস্তবায়িত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র
[৪.১] পরিচালন বাজেটে কাবিটা প্রকল্পের মাধ্যমে আগাম বন্যায় হাওরে ফসলহানি রোধ	[৪.১.১] ডুবন্ত বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ	সংশ্লিষ্ট সার্কেল/বিভাগ	পরিচালন বাজেটের আওতায় বাস্তবায়িত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
বঁধের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা	বঁধ পুনরাকৃতিকরণ	জনপ্রশাসন মন্ত্রণালয়	জেলা প্রশাসনের সহযোগিতায় ম্যাজিস্ট্রেটের মাধ্যমে অভিযান পরিচালনা করে অবৈধ দখল উচ্ছেদ করা হয়।
নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি	নিষ্কাশন খাল খনন/পুনঃখনন	জনপ্রশাসন মন্ত্রণালয়	জেলা প্রশাসনের সহযোগিতায় ম্যাজিস্ট্রেটের মাধ্যমে অভিযান পরিচালনা করে অবৈধ দখল উচ্ছেদ করা হয়।
নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন	এক্সকাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন	জনপ্রশাসন মন্ত্রণালয়	জেলা প্রশাসনের সহযোগিতায় ম্যাজিস্ট্রেটের মাধ্যমে অভিযান পরিচালনা করে অবৈধ দখল উচ্ছেদ করা হয়।
নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ	নদী তীর সংরক্ষণ	জনপ্রশাসন মন্ত্রণালয়	জেলা প্রশাসনের সহযোগিতায় ম্যাজিস্ট্রেটের মাধ্যমে অভিযান পরিচালনা করে অবৈধ দখল উচ্ছেদ করা হয়।

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ